

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৫. সালাতের সময় যদি মহিলার হায়েয হয় কিংবা পবিত্র হয়

بَابُ الْمَرْأَةِ تَطْهُرُ عِنْدَ الصَّلَاةِ أَوْ تَحِيضُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ عَطَاءٍ وَطَاوُسٍ وَمُجَاهِدٍ قَالُوا إِذَا طَهُرَتْ الْحَائِضُ قَبْلَ الْفَجْرِ صَلَّتْ الْمَغْرِبَ وَالْعِشَاءَ وَإِذَا طَهُرَتْ قَبْلَ غُرُوبِ الشَّمْسِ صَلَّتْ الظُّهْرَ وَالْعَصْرَ إسناده صحيح

বাংলা

৯২০. আবু নাজিহ হতে বর্ণিত, আতা', তাউস ও মুজাহিদ বলেন, যখন হায়েযগ্রস্ত মহিলা ফজরের পূর্বে পবিত্রতা লাভ করবে, সে মাগরিব ও ঈশা'র সালাত আদায় করবে। আর যদি সূর্য ডোবার পূর্বে পবিত্র হয়, তবে যুহর ও আসরের সালাত আদায় করবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ২/৩৩৭ সহীহ সনদে; আব্দুর রাযযাক নং ১২৮১, আতা ও মা'মার ইবনু তাউস হতে, তিনি তার পিতা তাউস হতে; আতার হাদীসটির সনদ যয়ীফ, কিন্তু তাউসের হাদীসটির সনদ সহীহ। ইবনু আবী শাইবাতে বিভিন্ন সনদে এটি বর্ণিত। আবার আতার হাদীসটি ৯২০ (অনুবাদে ৯১৬) নং এ গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু নাজিহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন